

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর
দ্বিতীয় ১২ তলা সরকারি অফিস ভবন (৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা

E-mail: vat_ltu@yahoo.com

Web: www.ltuvat.gov.bd

নথি নং-৪/এলটিইউ-মূসক/মূসক নীঃ ও বাঃ/৩৩/সিমেন্ট নীতি নির্ধারনী/১৫/

তারিখঃ ০৬/০৪/২০১৭ খ্রিঃ।

সিমেন্ট প্রস্তুতকরণের সময় উপকরণ অপচয়ের হার নির্ধারণ সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত কমিটির গৃহীত সিদ্ধান্ত

- ১। সিমেন্ট উৎপাদনের ক্ষেত্রে সমতাভিত্তিক প্রকৃত অপচয়ের হার নির্ধারণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এ দপ্তরের কমিশনারকে আহবায়ক করে ০৬(ছয়) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।
- ২। গত ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখে বৃহৎ করদাতা ইউনিট, মূসক এর সম্মিলন কক্ষে উক্ত কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। এ সভায় সিমেন্ট প্রস্তুতকরণের ক্ষেত্রে উপকরণ অপচয় সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক কয়েকটি গুরুত্বপূর্ণ সিমেন্ট ফ্যাক্টরী পরিদর্শনের বিষয়ে কমিটি ঐকমত্যে পৌছান।
- ৩। গত ১৬/০২/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় পুনরায় এ সংক্রান্ত কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয় এবং সভায় সিমেন্ট উৎপাদনে ক্লিংকার, লাইমস্টোন, স্ল্যাগ ও জিপসাম অপচয় নির্ধারণের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।
 - ক) ক্লিংকারের অপচয় নির্ধারণঃ
বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত ও সংশ্লিষ্ট মূসক বিভাগ কর্তৃক অনুমোদিত অপচয়ের হার নিয়ে আলোচনা হয়। সর্বসম্মতি ক্রমে ক্লিংকারের সর্বোচ্চ অপচয়ের হার ২% নির্ধারণ বিষয়ে সিদ্ধান্ত হয়।
 - খ) লাইমস্টোনের অপচয় নির্ধারণঃ
সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে সর্বোচ্চ অপচয়ের হার ১% নির্ধারণ করা হয়।
 - গ) স্ল্যাগ ও জিপসামের অপচয় নির্ধারণঃ
স্ল্যাগ ও জিপসামের সঠিক অপচয় নির্ধারণের লক্ষ্যে মোট ৫টি সিমেন্ট ফ্যাক্টরী পরিদর্শন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। এগুলো হলোঃ
 - ১) এম আই সিমেন্ট ফ্যাক্টরী লিঃ, ঢাকা;
 - ২) হোলসিম সিমেন্ট বাংলাদেশ লিঃ, ঢাকা;
 - ৩) কনফিডেন্স সিমেন্ট লিঃ, চট্টগ্রাম;
 - ৪) হাইডেলবার্গ সিমেন্ট বিডি লিঃ, চট্টগ্রাম এবং
 - ৫) মেসার্স বসুম্ভরা ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স লিঃ, খুলনা।
- ৪। বাছাইকৃত ৫টি সিমেন্ট ফ্যাক্টরী ঢাকা, চট্টগ্রাম ও খুলনায় অবস্থিত হওয়ায় ফ্যাক্টরী পরিদর্শন জন্য ৩টি পৃথক কমিটি গঠন করা হয়। ইতোমধ্যে ২টি কমিটি (ঢাকা ও চট্টগ্রাম) কর্তৃক জিপসাম ও স্ল্যাগের স্যাম্পল (নমুনা) সংগ্রহ করা হয়েছে এবং খুলনা কমিটি কর্তৃক অদ্য ০৬/০৪/২০১৭ খ্রিঃ তারিখে স্যাম্পল (নমুনা) সংগ্রহ করা হচ্ছে। নমুনা সংগ্রহপূর্বক দ্রুত পরীক্ষার জন্য BUET ও BSTI তে প্রেরণ করা হবে।

[মোঃ মতিউর রহমান]

কমিশনার